পড়ব বই গড়ব দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী
publiclibrary.rajshahidiv.gov.bd

স্মারক নং-৪৩.২৬.৫০০০.০০১.২৩.০৩৩.১৯.৪১১

তারিখ: ২১.১১.২০২০ খ্রি.

**বিষয় : মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।**

মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় রাজশাহী মহানগর ও জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী ও সর্বসাধারণ অংশগ্রহণ করতে পারবেন। আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদেরকে এ প্রতিযোগিতায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা গেল।

ক) রচনা প্রতিযোগিতার বিষয় :

| ক্র. নং | গ্রুপ | শ্রেণি | রচনা প্রতিযোগিতার বিষয় | শব্দ সংখ্যা | রচনা জমার শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | গ্রুপ-ক | পঞ্চম-অষ্টম | আমাদের বিজয় আমাদের আনন্দ | ১০০০ শব্দের মধ্যে | ১৪.১২.২০২০খ্রি. |
| ২. | গ্রুপ-খ | নবম-দ্বাদশ | বঙ্গবন্ধু ও বাংলাদেশ | ১২০০ শব্দের মধ্যে | |
| ৩. | গ্রুপ-গ | স্নাতক-স্নাতকোত্তর | মুজিব শতবর্ষের বিজয় দিবস | ১৫০০ শব্দের মধ্যে | |
| ৪. | গ্রুপ-ঘ | সর্বসাধারণ | বিজয় দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য | ১৮০০ শব্দের মধ্যে | |

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

| ক্র. নং | গ্রুপ | বয়সসীমা | চিত্রাংকন প্রতিযোগিতার বিষয় | চিত্রাংকন জমার শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১. | গ্রুপ-ক | অনূর্ধ - ৭ বছর | উন্মুক্ত | ১৪.১২.২০২০খ্রি. |
| ২. | গ্রুপ-খ | অনূর্ধ - ১২ বছর | আমাদের বিজয় দিবস | |
| ৩. | গ্রুপ-গ | প্রতিবন্ধী | উন্মুক্ত | |

**রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য :** রচনা প্রতিযোগিতায় রাজশাহী জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে ডাকযোগে বা সরাসরি পৌঁছানোর শেষ তারিখ ১৪.১২.২০২০খ্রি.

**চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য :** চিত্রাংকন প্রতিযোগিতায় আর্ট পেপারে স্বহস্তে অংকিত চিত্র বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীতে ১৪.১২.২০২০ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌঁচাতে হবে।

শর্তাবলী :

১। A4 সাইজ সাদা কাগজে প্রতি পাতার এক পিঠে রচনা স্বহস্তে লিখতে হবে। 'ক', 'খ', ও 'গ' গ্রুপের প্রতিযোগীদের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে এবং রচনার সাথে আলাদাভাবে, পিতার নাম, মাতার নাম ও ফোন নম্বরসহ পূর্ণ ঠিকানা সংযুক্ত করতে হবে।

২। 'ঘ' গ্রুপের প্রতিযোগীকে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও পিতার ও মাতার নাম, ফোন নম্বরসহ পূর্ণ ঠিকানা সংযুক্ত করতে হবে।

৩। যথা সময়ে বিজয়ীদের মধ্যে পুরস্কার ও সনদ বিতরণ করা হবে।

৪। রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

৫। চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু প্রত্যেক প্রতিযোগিকে লিগ্যাল সাইজের আর্ট পেপারে অংকিত চিত্রের সাথে নাম, পিতা ও মাতার নাম, মোবাইল নম্বর এবং শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ডের ফটোকপি ও জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
রাজশাহী।
ই-মেইল- rajshahidpl@gmail.com
ফোন : ০৭২১- ৭৭২৬৩৪
তারিখ: ২১.১১.২০২০ খ্রি.

প্রতি: অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান

--------------------------------------------

(সকল) রাজশাহী মহানগর ও রাজশাহী জেলা।

স্মারক নং-৪৩.২৬.৫০০০.০০১.২৩.০৩৩.১৯.৪১১(১০০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।

৩। জেলা প্রশাসক, রাজশাহী।

৪। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী (আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।)

৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী (আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।)

৬। অফিস কপি।

২১/১১/২০
পরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী।
ফোন: ৭৭২৬৩৪